

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়  
স্বাস্থ্য সেবা বিভাগ  
সরকারি স্বাস্থ্য ব্যবস্থাপনা-১ শাখা  
বাংলাদেশ সচিবালয়, ঢাকা

নং-৪৫.০০.০০০০.১৬০.৯৯.০০৫.২৪-৪৬৭

তারিখ: ০৫ ডিসেম্বর ২০২৪

**বিষয়:** জুলাই-আগস্ট ২০২৪ ছাত্র-জনতার গণঅভ্যুত্থানে আহতদের চিকিৎসার্থে স্বাস্থ্য অধিদপ্তর কর্তৃক গঠিত বিষয়ভিত্তিক মেডিকেল বোর্ডের সুপারিশ মোতাবেক প্রস্তাব প্রেরণ

**সূত্র:** প্রধান উপদেষ্টার কার্যালয়ের ২৬.১১.২০২৪ তারিখের ৪২ নং পত্র।


উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, জুলাই-আগস্ট ২০২৪ ছাত্র-জনতার গণঅভ্যুত্থানে আহত ছাত্র-জনতার মধ্য থেকে দেশের বিভিন্ন হাসপাতালে চিকিৎসাধীন আট জন (সংযুক্তি-১) রোগীর অবস্থা সংকটাপন্ন হওয়ায় উন্নত চিকিৎসার জন্য জরুরি বিবেচনায় সরকারি খরচে থাইল্যান্ড ও সিঙ্গাপুরের বিভিন্ন হাসপাতালে প্রেরণ করা হয়েছে। উন্নত চিকিৎসার জন্য বিদেশ প্রেরণের ক্ষেত্রে প্রশাসনিক ও আর্থিক স্বচ্ছতার বিষয়টি নিশ্চিতকরণের জন্য সংশ্লিষ্ট হাসপাতাল থেকে গঠিত মেডিকেল বোর্ডের সুপারিশসহ আবেদন প্রাপ্তির পর প্রাপ্ত আবেদনসমূহের বিষয়ে বিষয়ভিত্তিক বিশেষজ্ঞ মেডিকেল বোর্ডের অধিকতর যাচাই-বাছাই ও সুপারিশ প্রয়োজন।

০২। প্রধান উপদেষ্টার কার্যালয়ের ২৬.১১.২০২৪ তারিখের ৪২নং পত্রের নির্দেশনা মোতাবেক ছাত্র-জনতার গণঅভ্যুত্থানে আহতদের সুচিকিৎসা নিশ্চিতকল্পে স্বাস্থ্য অধিদপ্তর কর্তৃক বিশেষজ্ঞ চিকিৎসকদের সমন্বয়ে বিষয়ভিত্তিক (ক) চক্ষু (অপথালমোলজি) (খ) অর্থোপেডিক এবং ট্রমাটোলজি (গ) ভাসকুলার সার্জারি (ঘ) বার্ন ও প্লাস্টিক সার্জারি-এই চারটি বিশেষজ্ঞ মেডিকেল বোর্ড গঠন করা হয়েছে (সংযুক্তি-২)। বিশেষজ্ঞ মেডিকেল বোর্ডের সুপারিশের আলোকে প্রয়োজ্য ক্ষেত্রে চিকিৎসাধীন রোগীদের দেশের বাইরে চিকিৎসার ব্যবস্থা করা হবে।

০৩। স্বাস্থ্য অধিদপ্তরের মহাপরিচালকের সাথে সমন্বয়পূর্বক ব্রিগেডিয়ার জেনারেল (অব.) ডা. জালাল উদ্দিন, Medical Advisor to Grameen Telecom Trust and Chairman বিষয়ভিত্তিক বিশেষজ্ঞ মেডিকেল বোর্ডের সভা আহ্বানপূর্বক সুপারিশ প্রদান করবেন। মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর সভার স্থান ও অন্যান্য লজিস্টিক সহায়তা প্রদানসহ বিষয়ভিত্তিক মেডিকেল বোর্ডগুলোর সাথে সমন্বয় করার জন্য ফোকাল পার্সন নির্ধারণ করবেন।

০৪। এমতাবস্থায়, জুলাই-আগস্ট ২০২৪ ছাত্র-জনতার গণঅভ্যুত্থানে আহত রোগীদের উন্নত চিকিৎসার জন্য বিদেশ প্রেরণের লক্ষ্যে সংশ্লিষ্ট হাসপাতাল থেকে গঠিত মেডিকেল বোর্ডের সুপারিশসহ আবেদন প্রাপ্তির পর সংশ্লিষ্ট রোগীর বিষয়ে বিষয়ভিত্তিক মেডিকেল বোর্ডের সভা আহ্বানের মাধ্যমে যাচাই-বাছাইপূর্বক সুপারিশসহ প্রস্তাব আকারে প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তি: বর্ণনা মোতাবেক।

  
০৫.১২.২০২৪  
মোঃ শাহাদত হোসেন কবির  
উপসচিব

ফোনঃ ৯৫৫৬৯৮৯

ই-মেইল: ghml@hds.gov.bd

বিতরণ:

- ১। মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
- ২। ব্রিগেডিয়ার জেনারেল (অব.) ডা. জালাল উদ্দিন, Medical Advisor to Grameen Telecom Trust and Chairman

**অনুলিপি সদয় অবগতি ও কার্যার্থে**

- ১। খন্দকার জহিরুল ইসলাম, দলনেতা (অতিরিক্ত সচিব), গণঅভ্যুত্থান সংক্রান্ত বিশেষ সেল, বিএসএল ভবন, হোটেল ইন্টারকন্টিনেন্টাল, ঢাকা
- ২। সাধারণ সম্পাদক, জুলাই শহীদ স্মৃতি ফাউন্ডেশন, বাড়ি ৩৫, রোড ৯/ডি, সেক্টর ৫, উত্তরা, ঢাকা

- ৩। প্রধান উপদেষ্টার একান্ত সচিব, প্রধান উপদেষ্টার কার্যালয়, তেজগাঁও, ঢাকা
- ৪। বিভাগীয় পরিচালক (স্বাস্থ্য).....বিভাগ (সকল)
- ৫। পরিচালক,.....মেডিকেল কলেজ হাসপাতাল/বিশেষায়িত হাসপাতাল ও ইনস্টিটিউট (সকল)
- ৬। উপদেষ্টার একান্ত সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
- ৭। বিশেষ সহকারীর একান্ত সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
- ৮। তত্ত্বাবধায়ক, .....জেলা সদর/জেনারেল হাসপাতাল (সকল)
- ৯। সচিবের একান্ত সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা
- ১০। সিভিল সার্জন (সকল)/উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা (সকল)
- ১১। সিস্টেম এনালিস্ট, কম্পিউটার সেল, স্বাস্থ্য সেবা বিভাগ (ওয়েবসাইটে প্রকাশের জন্য)

